

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
website www.dnc.gov.bd

প্রজ্ঞাপন

নং- ৫৮.০২.০০০০.০০৬.১৮.০০৮.৯০- ৪৪ ৫৬

১১ পৌষ, ১৪৩০
তারিখ : -----
২৬ ডিসেম্বর ২০২০

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সকল প্রকার মদের দোকান বন্ধ ও খোলা রাখা সম্পর্কিত অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধি ৮(১), বিধি ৮(২) ও তফসিল-৫ অনুযায়ী এই মর্মে প্রজ্ঞাপন জারী করা যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত দিবসসমূহের পবিত্রতা ও মর্যাদা রক্ষার্থে (*চাঁদ দেখার উপর নির্ভরশীল) নিম্নবর্ণিত নির্ধারিত সময়সূচি মোতাবেক বার, অফ শপ, অন শপ ও দেশি মদের দোকান বন্ধ থাকবে :

- ১। (ক) *শব-ই-মিরাজ ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সূর্যাস্ত হতে ০৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;
- (খ) *শব-ই-বরাত ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সূর্যাস্ত হতে ২৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;
- (গ) *শব-ই-কদর ০৬ এপ্রিল ২০২৪ তারিখ সূর্যাস্ত হতে ০৭ এপ্রিল ২০২৪ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;
- (ঘ) *ঈদ-উল-ফিতর ১০ এপ্রিল ২০২৪ তারিখ সূর্যাস্ত হতে ১১ এপ্রিল ২০২৪ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;
- (ঙ) *ঈদ-উল-আযহা ১৬ জুন ২০২৪ তারিখ সূর্যাস্ত হতে ১৭ জুন ২০২৪ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;
- (চ) *আশুরা ১৬ জুলাই ২০২৪ তারিখ সূর্যাস্ত হতে ১৭ জুলাই ২০২৪ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;
- (ছ) *ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ১৫ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ সূর্যাস্ত হতে ১৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখ সূর্যাস্ত পর্যন্ত।

২। পবিত্র রমজান মাস :

- (ক) তারকামান সম্পন্ন হোটেল বার যেখানে শুধুমাত্র বিদেশীরাই মদ্যপান করেন সে সকল হোটেল ব্যতীত অন্যান্য হোটেল, রেস্তোরাঁ এবং ক্লাব বারসমূহে দিনের বেলায় মদ্যপান সম্পূর্ণভাবে বন্ধ থাকবে;
- (খ) দেশি মদের দোকানগুলো সকাল ০৯.৩০ টা হতে দুপুর ১২.০০ টা পর্যন্ত মদ বিক্রয়ের জন্য খোলা রাখা যাবে।
- (গ) “অফ শপ” সকাল ৯.৩০ টা হতে দুপুর ১২.০০ টা পর্যন্ত খোলা থাকবে;
- (ঘ) তাড়ীর দোকানগুলো দিনের বেলায় বন্ধ থাকবে।

৩। সকল প্রকার মদের দোকান ও বার শুক্রবারে বন্ধ থাকবে।

নং- ৫৮.০২.০০০০.০০৬.১৮.০০৮.৯০- ৪৪ ৫৬

১১ পৌষ, ১৪৩০
তারিখ : -----
২৬ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/রেডিও বাংলাদেশ, জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ, রামপুরা/ আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রজ্ঞাপনটি সর্বসাধারণের/ অবগতির জন্য প্রচার মাধ্যমসহ অন্যান্য মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

অ:প:দ্র: